

া সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৩১৫২ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮২৭]

১৬। <u>হজ্জ</u> (حاب الحج)

পরিচ্ছেদঃ ৭৪. মহিলাদের মাহারামের সঙ্গে হজ্জ অথবা অন্য কোন প্রয়োজনীয় সফর করা

باب سَفَرِ الْمَرْأَةِ مَعَ مَحْرَمٍ إِلَى حَجٍّ وَغَيْرِهِ

আরবী

حَدَّتَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، وَعُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ، جَمِيعًا عَنْ جَرِيرٍ، _ قَالَ قُتَيْبَةُ حَدَّتَنَا جَرِيرٌ، عَنْ عَبْدِ الْمَلِكِ، _ وَهُوَ ابْنُ عُمَيْرٍ _ عَنْ قَزَعَةَ، عَنْ أَبِي سَعِيدٍ، قَالَ سَمِعْتُ مِنْهُ، حَديثًا فَأَعْجَبَنِي فَقُلْتُ لَهُ أَنْتَ سَمِعْتَ هَذَا، مِنْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ فَأَقُولُ عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ فَأَقُولُ عَلَى رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم مَا لَمْ أَسْمَعْ قَالَ سَمِعْتُهُ يَقُولُ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " لاَ تَشُدُّوا الرِّحَالَ إِلاَّ إِلَى ثَلاَثَةِ مَسَاجِدَ مَسْجِدِي هَذَا وَالْمَسْجِدِ الْقَصْمَى " . وَسَمِعْتُهُ يَقُولُ " لاَ تُسَافِرِ الْمَرْأَةُ يَوْمَيْنِ مِنَ اللّهَ عَلَيه وَمَعْهَا ذُو مَحْرَمٍ مِنْهَا أَوْ زَوْجُهَا " .

বাংলা

৩১৫২-(৪১৫/৮২৭) কুতায়বাহ ইবনু সাঈদ ও উসমান ইবনু আবৃ শায়বাহ (রহঃ) কাযাআহ (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আবৃ সাঈদ আল খুদরী (রাযিঃ) এর নিকট থেকে একটি হাদীস শুনে আশ্র্যান্বিত হলাম এবং তাকে জিজ্ঞেস করলাম- আপনি কি তা সরাসরি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট শুনেছেন? তিনি বললেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট শুনিনি তা কেন তার নামে বলব। কাযাআহ্ (রহঃ) বলেন, আমি আবৃ সাঈদ (রাযিঃ) কে বলতে শুনেছি, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ "তোমরা কেবল তিনটি মসজিদের দিকেই (সাওয়াবের উদ্দেশে) সফর করঃ "আমার এ মাসজিদ, মসজিদুল হারাম এবং মাসজিদুল আকসা।" আমি তাকে আরও বলতে শুনেছিঃ "কোন মহিলা যেন দু' দিনের পথেও সফর না করে- তার সাথে তার কোন মাহরাম পুরুষ অথবা তার স্বামী ব্যতীত।" (ইসলামিক ফাউন্ডেশন ৩১২৭, ইসলামীক সেন্টার ৩১২৪)

English

Qaza'ah reported:



I heard a hadith from Abu Sa'id (Allah be pleased with him) and it impressed me (very much), so I said to him: Did you hear it (yourself) from Allah's Messenger (**)? Thereupon he said: (Can) I speak of anything about Allah's Messenger (**) which I did not bear? He said: I heard Allah's Messenger (**) saying: Do not set out on a journey (for religious devotion) but for the three mosques-for this mosque of mine (at Medina) the Sacred Mosque (at Mecca), and the Mosque al-Aqsa (Bait al-Maqdis), and I heard him saying also: A woman should not travel for two days duration, but only when there is a Mahram with her or her husband.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কার্য'আ (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন